

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুলু

বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: পবিত্র কোরআনের হুকুমগত বা প্রয়োগিক তেলাওয়াত

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা ৩৮ সোয়াদ আয়াত নম্বর ২৯

كِتَابٌ أَنْزَلْنَاهُ إِلَيْكَ مُبَارَكٌ لِيَدَّبَّرُوا آيَاتِهِ وَلِيَتَذَكَّرَ أُولُوا الْأَلْبَابِ

এই কল্যাণময় কিতাব (আল কুরআন) আমরা তোমার প্রতি নাযিল করেছি, যেন তারা এর আয়াত সমূহ অনুধাবন করে এবং বুদ্ধিমানরাই উপদেশ গ্রহণ করে।

এই আয়াতে "অনুধাবন করার" প্রতি গুরুত্ব আরোপ করা হয়েছে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা ৪৭ মুহাম্মদ আয়াত নম্বর ২৪

أَفَلَا يَتَذَكَّرُونَ الْقُرْءَانَ أَمْ عَلَى قُلُوبٍ أَقْفَالُهَا

তারা কি কোরআন নিয়ে চিন্তা-গবেষণা করে না? নাকি তাদের অন্তর তালাবদ্ধ?

এই আয়াতে "অনুধাবন এবং চিন্তা-গবেষণা" করার প্রতি গুরুত্ব আরোপ করা হয়েছে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা ৭ আল আরাফা আয়াত ১৭৯

وَلَقَدْ ذَرَأْنَا لِجَهَنَّمَ كَثِيرًا مِّنَ الْجِنِّ وَالإِنسِ لَهُمْ قُلُوبٌ لَّا يَفْقَهُونَ بِهَا  
وَلَهُمْ أَعْيُنٌ لَّا يُبْصِرُونَ بِهَا وَلَهُمْ آذَانٌ لَّا يَسْمَعُونَ بِهَا أُولَئِكَ  
كَالْأَنْعَمِ بَلْ هُمْ أَضَلُّ أُولَئِكَ هُمُ الْغَافِلُونَ

আমি বহু জিন ও মানুষকে জাহান্নামের জন্য সৃষ্টি করেছি। তাদের হৃদয় রয়েছে, কিন্তু তারা তদ্বারা উপলব্ধি করেনা; তাদের চক্ষু রয়েছে, কিন্তু তারা তদ্বারা দেখেনা। তাদের কর্ণ রয়েছে, কিন্তু তদ্বারা তারা শোনেনা। তারা হ্র পশুর ন্যায়, বরং তা অপেক্ষাও অধিক বিভ্রান্ত। তারা হ্র গাফিল বা উদাসীন।

পবিত্র কোরআন তেলাওয়াত দুই প্রকার "শাব্দিক তেলাওয়াত" এবং "হুকুমগত বা প্রয়োগিক তেলাওয়াত"

না বুঝে শাব্দিক তেলাওয়াত করলেও প্রতি অক্ষরে আল্লাহ তায়ালা ১০ সওয়াব দান করবেন যেটা সহীহ হাদীসে উল্লেখিত হয়েছে।

বিচারের দিনৰ আল্লাহ তায়ালা "ফরযিয়াত" সম্পর্কে প্রশ্ন করবেন। "ফজিলত" সম্পর্কে প্রশ্ন করবেন না। ফরযিয়াত হলো হুকুম আহকাম, যেগুলো জীবনে পালন করতে হয়। সে জন্যই পবিত্র কোরআন বুঝে বুঝে তেলাওয়াত করতে হবে হুকুম আহকাম নিজের ও সমাজে বাস্তবায়ন করার জন্য।

আবু অব দূর রহমান আস সুলামী (রা:) বর্ণনা করে, আমরা হযরত উসমান ইবনে এফ-ফান (রা:) এবং আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা:) থেকে কুরআন শিখতাম।

আমাদেরকে ১০ টি করে করে আয়াত শিখাতো। ১০ টি আয়াত ভালো করে বুঝে এবং আমল করার পূর্বে অন্য ১০ টি আয়াত শিখতো না।

শুধু শাব্দিক তেলোয়াতের জন্য আল্লাহ তায়ালা কোরআন অবতীর্ণ করেন নি। কোরআন আয়াত অনুধাবন করা। আয়াতে কি বলা হয়েছে তা নিয়ে চিন্তা-ভাবনা ও গবেষণা করার প্রতি গুরুত্ব আরোপ করা হয়েছে। এবং কুরআন ও সুন্নাহের হুকুম আহকাম ঠিকঠাক আমল করার জন্য তাগিদ দেয়া হয়েছে।

আল্লাহ আমাদেরকে পবিত্র কুরআন বুঝার, অনুধাবন করার, চিন্তা-ভাবনা-গবেষণা করার এবং বর্ণিত হুকুম আহকাম পালন করার তৌফিক দান করুন।

**আমীন**

**আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ**

Click here: <http://www.morningbrightness.fi/>